# অধ্যক্ষেরও অপরাধ স্বীকার

সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করুন

৩০ এপ্রিল, ২০১৯ ০০:০০ | পড়া যাবে ৩ মিনিটে

Share 36



অ- অ অ+

ফেনীর মাদরাসাছাত্রী নুসরাত জাহান রাফিকে পুড়িয়ে মারার প্রতিবাদে সারা দেশ যেন এক কাতারে এসে দাঁড়িয়েছিল। রাজধানীসহ দেশের বিভিন্ন প্রান্তে প্রতিবাদ মিছিল হয়েছে, মানববন্ধন হয়েছে, হত্যাকারীদের দ্রুততম সময়ে দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করা হয়েছে। পুলিশ ব্যুরো অব ইনভেস্টিগেশন (পিবিআই) অত্যন্ত দক্ষতার সঙ্গে দ্রুততম সময়ে তদন্ত সম্পন্ন করেছে, দেশের বিভিন্ন প্রান্তে পালিয়ে থাকা আসামিদের গ্রেপ্তার করেছে এবং আশা করছে মাসখানেকের মধ্যেই প্রতিবেদন দিতে পারবে। মূল আসামি মাদরাসার অধ্যক্ষ সিরাজ উদ দৌলাসহ হত্যা মামলার ৯ আসামি এরই মধ্যে আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে। সিরাজ স্বীকার করেছেন, তিনি নিজেই হত্যাকাণ্ডের নির্দেশদাতা। হত্যাকাণ্ডকে আত্মহত্যা বলে প্রচার করার নির্দেশও তাঁরই। অথচ এই অধ্যক্ষকে রক্ষা করার জন্য মাদরাসা পরিচালনা কমিটির সদস্যসহ ক্ষমতাসীন দলের বেশ কয়েকজন স্থানীয় নেতা উঠেপড়ে লেগেছিলেন। তাঁরাও গ্রেপ্তার হয়েছেন। এখন সারা দেশের মানুষ অপেক্ষায় আছে দ্রুততম সময়ে এই হত্যাকাণ্ডের বিচার দেখার জন্য।

সাম্প্রতিক সময়ে বাংলাদেশে নারী ও শিশু নির্যাতনের ঘটনা উদ্বেগের কারণ হয়ে উঠেছে। গতকালের সংবাদপত্রে মানুষের জন্য ফাউন্ডেশনের একটি প্রতিবেদন প্রকাশিত হয়েছে। গণমাধ্যমে প্রকাশিত খবরের ভিত্তিতে তৈরি করা প্রতিবেদনে বলা হয়েছে, ২০১৮ সালে দেশে ৪৩৩ শিশু যৌন নির্যাতনের শিকার হয়েছে, যার মধ্যে ধর্ষণজনিত নির্যাতনে মারা গেছে ২২ শিশু। আর যৌন নির্যাতন, হত্যা ও শারীরিক নির্যাতন মিলিয়ে

মারা গেছে ২৪৯ শিশু। এ কোন সমাজে বাস করছি আমরা? শিশুদের প্রতি এমন নিষ্ঠুর আচরণ কেন? অত্যন্ত পরিতাপের বিষয়, বাবার পরেই যাঁর স্থান, সেই শিক্ষকদের বিরুদ্ধে দেদার অভিযোগ উঠছে। ক্ষমতা ও প্রশাসনের ছত্রচ্ছায়া পাওয়া অধ্যক্ষ সিরাজের মতো শিক্ষক নামের কলঙ্কস্বরূপ ব্যক্তিদের এমন অস্বাভাবিক ছড়াছড়ি কেন? গতকালও গণমাধ্যমে প্রকাশিত এমন বেশ কিছু খবর আমাদের পীড়িত করেছে। অভিভাবকরা কাদের ওপর ভরসা করবেন? সন্তানদের কিভাবে বিদ্যালয়ে পাঠাবেন? প্রশাসন, শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালনা পরিষদ, জনপ্রতিনিধিদের দায়িত্ব এসব অন্যায়-অবিচার রোধ করা। তাঁরাই যদি যৌন নিপীড়কদের পক্ষ নেন, তাহলে যৌন নিপীড়ন রোধ হবে কিভাবে? জানা যায়, নুসরাতকে পুড়িয়ে মারার ঘটনায় জেলা প্রশাসন থেকে একটি তদন্ত কমিটি করা হয়েছিল। মাদরাসা পরিচালনা কমিটির সভাপতি ও অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) পি কে এম এনামুল করিমকে এই কমিটির প্রধান করা হয়। মূল আসামিসহ অন্যরা অপরাধ স্বীকার করে নিলেও এই কমিটি এর মধ্যে তিনবার সময় নিয়েছে, তদন্ত শেষ করতে পারেনি। কমিটির প্রধানের বিরুদ্ধে সিরাজের পক্ষ নেওয়ার অভিযোগ রয়েছে। সেটিই কি কারণ?

প্রশাসন যদি ছত্রচ্ছায়া দেয়, অপরাধীরা যদি ক্ষমতার প্রশ্রয় পায়, তাহলে অপরাধ দমন হবে কিভাবে? ধারণা করা যায়, সারা দেশে সিরাজের মতো ব্যক্তির অভাব নেই। অগণিত রাফির জীবন ধ্বংস করার আগেই তাদের খুঁজে বের করতে হবে। রাফির হত্যাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তি দিয়ে নজির সৃষ্টি করতে হবে।


মন্তব্য

**0 Comments** Sort by **Newest**

Add a comment...

Facebook Comments Plugin

Like Share 36 টুইট



'নুসরাত হত্যায় জড়িত কোনো ব্যক্তিই ছাড় পাবে না



রুহুল আমিন আটক দায় স্বীকার পপির



সীতাকুণ্ডে 'ইয়াবাপ্রেমী' দুই প্রেমিক যুগল আটক




প্রেমিক পুলিশ সদস্যের বাড়িতে বিষের বোতল নিয়ে...



জামালপুরে কলেজছাত্রীকে উত্যক্তের...



তরুণ প্রেমিকের টানে বাংলাদেশে ৫২ বছর বয়সী মার্কিন...



ট্যাটু আঁকার অশ্লীল ভিডিও তৈরি, যুবক গ্রেপ্তার | কালের কণ্ঠ



দ্বি
প্রি

ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)
ntho&utm_medium=referral&utm_content=thumbnails-a:Below Article Thumbnails:)

## You May Like

(http://tops.easyvoyage.co.uk/most-beautiful-women/?utm_source=taboola&utm_campaign=desktop-beautiful-women-ww&utm_medium=cpc&utm_content=eastwestmedia-kalerkantho)

### [Photos] The 30 most beautiful women in the world

**Easyvoyage**

(http://tops.easyvoyage.co.uk/most-beautiful-women/?utm_source=taboola&utm_campaign=desktop-beautiful-women-ww&utm_medium=cpc&utm_content=eastwestmedia-kalerkantho)
(https://foodeliciouz.com/celebrities-and-their-historical-doppelgangers/?utm_source=taboola&utm_medium=eastwestmedia-kalerkantho&utm_campaign=2123728&utm_content=1159850&utm_term=fdz_eng3_hisdop_dsk_220419)

### 16 People from History Who Look Exactly Like Today's Celebrities

**Foodeliciouz**

(https://foodeliciouz.com/celebrities-and-their-historical-doppelgangers/?utm_source=taboola&utm_medium=eastwestmedia-kalerkantho&utm_campaign=2123728&utm_content=1159850&utm_term=fdz_eng3_hisdop_dsk_220419)
(https://www.tips-and-tricks.co/lifehacks/boiling-water-car/?utm_campaign=CHRYcardamageWW&utm_source=Taboola&utm_medium=native&utm_term=eastwestmedia-kalerkantho)

### Garages don’t want you to know about this amazing trick with boiling water

**Tips and Tricks**

(https://www.tips-and-tricks.co/lifehacks/boiling-water-car/?utm_campaign=CHRYcardamageWW&utm_source=Taboola&utm_medium=native&utm_term=eastwestmedia-kalerkantho)
(http://hhdresearch.org/7-drinks-to-clean-your-kidneys/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=353b_hhd_7drinkscleankidneys_world&utm_content=210131566)

### 7 Drinks to Detoxify Your Kidneys

**Health & Human Research**

(http://hhdresearch.org/7-drinks-to-clean-your-kidneys/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=353b_hhd_7drinkscleankidneys_world&utm_content=210131566)
(http://www.nutritionexp.com/stay-away-from-these-11-deadly-foods-that-could-cause-cancer/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=043_nut_11deadlycancerfoods_world&utm_content=167731782)

## 11 Cancer Causing Foods You Should Avoid

**Nutrition Expert**

(http://www.nutritionexp.com/stay-away-from-these-11-deadly-foods-that-could-cause-cancer/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=043_nut_11deadlycancerfoods_world&utm_content=167731782)
(http://www.foodprevent.com/whatll-happen-to-you-if-you-start-eating-3-eggs-a-day/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=198_FP_3eggs_t4_all&utm_content=126919681)

## What Will Happen to Your Body If You Start Eating 3 Eggs Every Day?

**Food Prevent**

(http://www.foodprevent.com/whatll-happen-to-you-if-you-start-eating-3-eggs-a-day/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=198_FP_3eggs_t4_all&utm_content=126919681)
(http://www.bestbikes.in/top-10-most-expensive-cars-available-in-the-world.html?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=472_BB_Expensive_Cars_T4_all&utm_content=170551454)

## Top 10 Most Expensive Cars Available in the World

**Best Bikes**

(http://www.bestbikes.in/top-10-most-expensive-cars-available-in-the-world.html?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=472_BB_Expensive_Cars_T4_all&utm_content=170551454)
(http://www.fitnessengage.com/11-best-exercises-for-killer-abs/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=292_fit_11bestexerciseskillerabs_world&utm_content=168210545)

## 11 Best Ab Workouts For A Six-Pack

**Fitness Engage**

(http://www.fitnessengage.com/11-best-exercises-for-killer-abs/?utm_source=eastwestmedia-kalerkantho&utm_medium=taboola&utm_campaign=292_fit_11bestexerciseskillerabs_world&utm_content=168210545)

সম্পাদক : ইমদাদুল হক মিলন, নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল, ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্রধান কার্যালয় : প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ ও সুপ্রভাত মিডিয়া লিমিটেড ৪ সিডিএ বাণিজ্যিক এলাকা, মোমিন রোড, চট্টগ্রাম-৪০০০ থেকে মুদ্রিত। পিএবিএক্স : ০৯৬১২১২০০০০, ৮৪৩২৩৭২-৭৫, বার্তা বিভাগ ফ্যাক্স : ৮৪৩২৩৬৮-৬৯, বিজ্ঞাপন ফোন : ৮৪৩২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮৪৩২০৪৭, সার্কুলেশন : ৮৪৩২৩৭৬। E-mail : info@kalerkantho.com

Copyright © 2015-2019 kalerkantho.com